



Delhi Public School, Howrah

HALF-YEARLY EXAMINATION (2024-2025)
Class- VIII

Care must be taken not to write anything on the question paper. All the questions must be attempted in the correct sequence.

SUBJECT: 3RD LANGUAGE – BENGALI

Time:-1 ½ Hours

F.M.-40


১) নিম্নলিখিত অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো: (১×৫=৫)

পশু মানুষের যুদ্ধে মানুষই জিতেছে। কারণ মানুষের ছিল বুদ্ধি আর দল বাঁধার ইচ্ছা। পশু যুদ্ধ করত শিং, দাঁত ও নখ দিয়ে। কিন্তু মানুষের ছিল অস্ত্র বানানোর বুদ্ধি। তারা পাথর ভেঙে নানা আকারের ধারালো অস্ত্র তৈরি করল। ক্রমে গাছের ডালের সঙ্গে পাথর জুড়ে তৈরি করল হাতুড়ি ও বর্ষা। শেষে মানুষ যখন তীর-ধনুক বানিয়ে দূর থেকে লড়াই করতে শিখল তখন পশুদের জিতবার সম্ভাবনা আর রইল না। পশুদের শিং এবং হাড় দিয়েও মানুষ শক্ত ও ধারালো অস্ত্র বানাত।

মানুষ শীত থেকে নিজেকে বাঁচাবার উপায় বের করল। মানুষ এই সময় হাড় বা শিং দিয়ে সুচ বানিয়ে চামড়া সেলাই করে তাই পড়তে শিখল। এই সময়ের সবচেয়ে বড় আবিষ্কার আগুন জ্বালানো। তারা পাথরে বা কাঠে কাঠে ঘষে আগুন জ্বালাতে শিখল। প্রথমে মানুষ কাঁচা মাংসই খেত। এখন থেকে মাংস ঝলসিয়ে খেতে শিখল। আগুন জ্বালিয়ে শীত ঠেকাবার ও ভয়ংকর পশুদের তাড়াবার সুবিধাও হল।

- ক) মানুষের ছিল (বুদ্ধি ও দল না বাঁধার ইচ্ছা/ বুদ্ধি ও দল বাঁধার ইচ্ছা/ বুদ্ধি ও আগ্রহ)
- খ) তারা পাথর ভেঙে তৈরি করল (নানা পুতুল/ আগুন/ নানা অস্ত্র)
- গ) শীত থেকে বাঁচতে মানুষ (গাছের পাতা পড়ত/ পশুর চামড়া সেলাই করে পড়ত/ গুহা থেকে বের হত না)
- ঘ) আদিম মানুষ প্রথমে (কাঁচা মাংস খেত/ মাংস ঝলসিয়ে খেত/ মাংস খেত না)
- ঙ) 'মানুষ' শব্দটির বিপরীত শব্দ হলো (পশু/ অমানুষ/ জন্তু)

২) নীচের ছবিটি দেখে তোমার মনে যে ভাব ফুটে উঠেছে, তা ছয়টি বাক্যে লেখো: (৩)



৩) অনুচ্ছেদ রচনা কর:(দশটি বাক্যে)

(৫)

তোমার প্রিয় পশু

অথবা

মনে করো তোমার বন্ধু কোনো বিপদে পড়েছে, তুমি বুদ্ধি দিয়ে কীভাবে তাকে সেই বিপদ থেকে বাঁচাবে তা নিজের ভাষায় লেখো।

৪) সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো:

(০.৫×৪=২)

ক) কাকের বন্ধু হল (সাপ/রাজার কন্যা/শিয়াল)

খ) জঙ্গলে বোঝা বইবার জন্য নিয়ে যাওয়া হত (গাধা/ ঘোড়া/ খচ্চর)

গ) বিদ্যাসাগর রান্না করতেন (গ্যাসের আগুনে/কাঠের আগুনে/ঘুঁটের আগুনে)

ঘ) ঘড়ি কাকে তাড়ানোর কথা বলছে? (সময়/ধুলো/অলসতা)

৫) অর্থ লেখ:

(১×৪=৪)

ক) কোটর

খ) হুঁশ

গ) কৌতূহল

ঘ) আনন

৬) বাক্য রচনা কর:

(১×৩=৩)

ক) অসাধারণ

খ) ঝামঝাম

গ) শাস্তি

৭) 'ক' বিভাগের সাথে 'খ' বিভাগ মেলাও:

(০.৫×৬=৩)

ক বিভাগ

খ বিভাগ

ক) দরিদ্র

অ) কান্না

খ) পশ্চিম

আ) বন্ধু

গ) দূরে

ই) পূর্ব

ঘ) হাসি

ঈ) কাছে

ঙ) শত্রু

উ) সামনে

চ) পিছনে

ঊ) ধনী

৮) নীচের বাক্যগুলি সাজিয়ে লেখো:

(১×২=২)

ক) অন্যায় করতে কখনো নেই কাজ।

খ) নানারকমের দেশে আমাদের শীতকালে বসে মেলা।

৯) একটি বাক্যে উত্তর লেখো:

(১×৪=৪)

ক) বাটনা বেটে আর বাসন মেজে বিদ্যাসাগরের কী হয়েছিল?

খ) বর্মা দেশের বর্তমান নাম কী?

গ) কে কেন সুযোগ খুঁজছিল?

ঘ) 'প্রজাপতি' কবিতাটি কে লিখেছেন?

১০) চেনো আমি কে?

(১×৩=৩)

ক) তার পায়ে চোট লেগেছিল, তাই খোড়াছিল।

খ) আমি মাইলস্টোন দেখেই ইংরেজি সংখ্যা চিনে গেছি।

গ) আমি কারোর জন্য থেমে থাকি না।

১১) নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লেখো:

(২×৩=৬)

ক) মাইলস্টোনের সংখ্যা দেখে সত্যিই কি কেউ ইংরাজী সংখ্যা চিনতে পারে।- এই বিষয়ে তোমার মতামত লেখো।

খ) 'ঘড়ি বলে' কবিতাটি থেকে তুমি কি শিখলে?

গ) শিয়াল কাককে কী বুদ্ধি দিয়েছিল?